



# .বাংলা/.bd ডোমেইন নবায়ন প্রক্রিয়ার সাধারণ জিজ্ঞাসা



১. কিভাবে আমি ডোমেইন নবায়ন এর প্রক্রিয়া শুরু করব?

- আপনার ডোমেইন এর নাম এবং কত বছরের জন্য নবায়ন করতে চান তা উল্লেখ করে বিটিসিএল এর নিকট ই-মেইল করুন- [domain@btcl.com.bd](mailto:domain@btcl.com.bd) এই ঠিকানায়। ই-মেইল প্রাপ্ত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আপনাকে ই-মেইলেই ইনভয়েস তৈরি করে পাঠিয়ে দিবে।

২. ইনভয়েস পাবার পরে কি করতে হবে?

- ইনভয়েসে উল্লিখিত অংকের টাকা পরিশোধ করতে হবে। নির্ধারিত ব্যাংকে নগদ প্রদান, টেলিটক প্রিপেইড সিম রিচার্জ কিংবা চেক এর মাধ্যমেও টাকা পরিশোধ করতে পারবেন।

৩. ব্যাংক এর মাধ্যমে কিভাবে নবায়ন এর টাকা জমা দিব?

- ব্যাংক এর মাধ্যমে টাকা পরিশোধ করতে চাইলে Social Islami Bank Limited (SIBL), New Eskaton শাখায় Invoice প্রিন্ট করে উল্লিখিত টাকা পরিশোধ করুন। এরপর payment receipt এর ফটোকপি বিটিসিএল এর মগবাজার টেলিফোন ভবন এর ৪০৭ নং কক্ষে জমা দিন।

৪. টেলিটক প্রিপেইড সিম এর মাধ্যমে কিভাবে টাকা জমা দিব?

- Prepaid Teletalk এর মাধ্যমে টাকা পরিশোধ করতে চাইলে Invoice উল্লিখিত due date এর আগেই পরিশোধ করতে হবে। এক্ষেত্রে নীচের ধাপ দুইটি অনুসরণ করতে হবেঃ

BTCL<space>Invoice ID

Send to 16222

মেসেজ এর reply এ 8 digit এর একটি PIN number চলে আসবে। অতঃপর confirm করুন এভাবে-

BTCL<space>YES <space>8 digit PIN number (provided at first message reply)

Send to 16222

৫. চেক/পে অর্ডার এর মাধ্যমে কিভাবে পরিশোধ করব?

- সিনিয়র অ্যাকাউন্টস অফিসার, টেলিফোন রেভিনিউ, বিটিসিএল, মগবাজার টেলিফোন ভবন, ঢাকা- এই বরাবর পাঠাতে হবে।

৬. টাকা পরিশোধ এর পর কিভাবে বুঝব ডোমেইন নবায়ন হয়েছে?

- টাকা পরিশোধ এর পর স্বয়ংক্রিয়ভাবে আপনার ডোমেইনটি নবায়ন হয়ে যাবে। এবং Expiration Date আপডেট হয়ে যাবে।

৭. টেলিটকে পেমেন্ট করার সময় নিচের Error মেসেজ আসে। কি করতে হবে?

"Sorry, Your Contact Number (88) format is not correct. Example: 01xxxxxxx."

- এর কারন হল আপনার ডোমেইন প্রোফাইল আপডেটেড নয় এবং কোনো মোবাইল নম্বর এর তথ্য অসম্পূর্ণ। আপনি অনুরোধ করে আপনার প্রোফাইল এর লগিন করে তথ্য হালনাগাদ করুন। এরপরে টেলিটক থেকে পেমেন্ট এর চেষ্টা করুন। লগিন করবেন এই লিংক থেকে- <http://bdia.btcl.com.bd/>

৮. আমার কাছে লগিন করার ইউজারনেম/পাসওয়ার্ড নেই। এখন কি করতে হবে?

- আপনি ইউজারনেম, পাসওয়ার্ড পাবার যথাযথ দলিলাদি/কাগজপত্রসহ জন্যে বিটিসিএল এর নিকট ই-মেইল করুন- [domain@btcl.com.bd](mailto:domain@btcl.com.bd) এই ঠিকানায়। বিটিসিএল কর্তৃপক্ষ উপযুক্ত মনে করলে ই-মেইলেই ইউজারনেম, পাসওয়ার্ড প্রদান করবে। যথাযথ দলিলাদি/কাগজপত্র সম্পর্কে বিস্তারিত জানতে এই লিংক এ ক্লিক করুন- <https://goo.gl/en3kLE>